ক্যান্টনমেন্ট বোর্ড
জালালাবাদ সেনানিবাস
সিলেট।
www.jcbs.gov.bd

নং- ২৩.২২.৭০১৩.০০২.৩৩.০০৫.১৯-২০ তারিখ: ২০ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাসের নিয়ন্ত্রণাধীন জালালাবাদ ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী শাখার জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে অস্থায়ী নিয়োগের মাধ্যমে পদ পূরণের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে:-

| ক্রমিক নম্বর | পদের নাম ও সর্বসাকুল্য মাসিক বেতন | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা/অন্যান্য যোগ্যতা | যে জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|
| (ক) | (খ) | (গ) | (ঘ) | (ঙ) |
| ১. | খন্ডকালীন ড্রাইভার (হালকা) সর্বসাকুল্য মাসিক ১২,০০০/- (বার হাজার টাকা)। | ০১(এক)টি | স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে এসএসসি পাস। উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত ড্রাইভিং লাইসেন্স (হালকা) থাকতে হবে। ড্রাইভার হিসেবে ০৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | কুমিল্লা |

### শর্তাবলী

১। আগামী **২০ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, জালালাবাদ সেনানিবাস, সিলেট-৩১০৪ ঠিকানা বরাবর আবেদনপত্র ডাকযোগে এ কার্যালয়ে পৌঁছাতে হবে। সরাসরি এ কার্যালয়ে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। মিথ্যা, অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে। উক্ত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২। প্রার্থীর বয়স আগামী ২০/০২/২০২০ **খ্রিস্টাব্দ** তারিখে সর্বোচ্চ ৩০(ত্রিশ) বছর থাকতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২(বত্রিশ) বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩। প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। নির্ধারিত চাকরি ফরম ও প্রবেশপত্র জালালাবাদ ক্যান্টনমেন্ট বোর্ডের www.jcbs.gov.bd ওয়েবসাইট এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে। প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল রেকর্ড/কাগজপত্র ও সদ্য তোলা ০৩(তিন)কপি ৫×৫ সে.মি. আকারের রঙিন ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৪। আবেদনকারীকে ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, জালালাবাদ সেনানিবাস, সিলেট এর অনুকূলে সোনালী ব্যাংক লিঃ- এর যে কোনো শাখা থেকে ৫০/- (পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৫। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না। নিয়োগের ক্ষেত্রে কোটাসহ সরকারের প্রচলিত অন্যান্য বিধি-বিধান অনুসরণ করা হবে।

৬। লিখিত ও ব্যবহারিক উভয় পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের নিম্নোক্ত রেকর্ড/কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে:
(ক) সকল শিক্ষাগত যোগ্যতার ও অভিজ্ঞতার মূল সনদপত্র। (খ) পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র। (গ) জাতীয় পরিচয়পত্রের মূলকপি ও জন্ম নিবন্ধন সনদের মূলকপি। (ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

৭। আবেদনকারী নিজ হাতে প্রবেশপত্র পূরণ করে প্রবেশপত্রের নির্ধারিত স্থানে ৫×৫ সে.মি. আকারের ০১(এক) কপি রঙিন ছবি আঠা দিয়ে সংযুক্ত করতে হবে। নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে নিজের নাম ও ঠিকানা লিখিত ১৫(পনেরো) টাকার ডাকটিকিট লাগানো ৯.৫"×৪" সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

৮। খন্ডকালীন গাড়ী চালক (হালকা) কর্মচারীদের ক্ষেত্রে বার্ষিক বেতন বৃদ্ধি হবে সাকুল্য বেতনের ৪% হারে, সর্ব সাকুল্য মাসিক বেতনের ৫০% এর সমপরিমাণ ০২টি উৎসব ভাতা এবং ২০% নববর্ষ ভাতা প্রাপ্য হবে। উক্ত কর্মচারী উল্লেখিত আর্থিক সুবিধা ব্যতীত অন্য কোন আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না।

৯। উক্ত পদে স্থায়ীভাবে লোক নিয়োগ করা হলে এ নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে। এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে। এ অস্থায়ী নিয়োগ কখনো স্থায়ী নিয়োগে রূপান্তরিত হবে না এবং যে কোন সময় বাতিল করণের ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ ক্ষমতা সংরক্ষণ করেন।

১০। নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ বিজ্ঞপ্তি বাতিল করার এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন। আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

স্বাক্ষরিত/-
(মোছাঃ সেলিনা বানু)
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
জালালাবাদ সেনানিবাস, সিলেট।
ফোন নং- ০৮২১-২৮৭০২৩২

# আবেদন ফরম

বরাবর
**ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার**
জালালাবাদ সেনানিবাস
সিলেট-৩১০৪।

৫×৫ সে.মি ছবি (সম্প্রতি তোলা দুই কপি)

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম : | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর : | | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| ৩. | প্রার্থীর নাম | বাংলা: | | | | | | | | | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে) : | | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় পত্র নম্বর: | | | | | | | | | (যে কোন একটি) | |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | ৬. জন্ম স্থান (জেলা): | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | | মাস | | দিন | | | | | |
| ৮. | মাতার নাম: | | | | | | | | | | |
| ৯. | পিতার নাম: | | | | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা : | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোস্টকোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | ই-মেইল (যদি থাকে): |

| | | | |
|---|---|---|---|
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডার: |
| ১৪. | ধর্ম : | ১৫. | পেশা: |

১৬. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ ( প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ্য করুন): |
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর: | তারিখ: | | |
| | ব্যাংক ও শাখার নামঃ | | | |
| ২১ | বিভাগীয় প্রার্থী কিনা ( টিক দিন) : | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখঃ

প্রার্থীর স্বাক্ষর

| ছবি (৫×৫ সে.মি. আকারের ০১ কপি রঙ্গিন ছবি আঠা দিয়ে লাগাতে হবে) |
|---|

# ক্যান্টনমেন্ট বোর্ড

জালালাবাদ সেনানিবাস
সিলেট।
www.jcbs.gov.bd

## প্রবেশপত্র

| অফিস কর্তৃক পূরণীয়: | আবেদনকারী কর্তৃক নিজ হাতে পূরনীয়: | |
|---|---|---|
| রোল নম্বর: | পদের নাম: | |
| | প্রার্থীর নাম: | |
| পরীক্ষার তারিখ: | কোটা(যদি থাকে): | |
| | মাতার নাম: | |
| পরীক্ষা স্থান/কেন্দ্রের নাম: | পিতার নাম: | |
| | যোগাযোগের ঠিকানা: | বাসা ও সড়ক (নাম/নম্বর)- |
| পরীক্ষার সময়: | | গ্রাম/পাড়া/মহল্লা- |
| | | ইউনিয়ন/ওয়ার্ড- |
| | | ডাকঘর- |
| | | পোষ্টকোড নম্বর- |
| | | থানা- |
| | | উপজেলা- |
| | | জেলা- |
| | মোবাইল নম্বর: | |

.....................................................
আবেদনকারীর স্বাক্ষর

উপরে বর্ণিত স্থান, তারিখ ও সময় অনুযায়ী অনুষ্ঠিতব্য নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। লিখিত পরীক্ষায় উর্ত্তীণ প্রার্থীগণই কেবল ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে এবং ব্যবহারিক পরীক্ষায় উর্ত্তীণ প্রার্থীগণই পরবর্তী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(২) লিখিত পরীক্ষার ফলাফল এবং ব্যবহারিক পরীক্ষার স্থান, তারিখ ও সময়সহ প্রয়োজনীয় তথ্য জালালাবাদ ক্যান্টনমেন্ট বোর্ডের ওয়েবসাইটে (www.jcbs.gov.bd) ও সংশ্লিষ্ট কার্যালয়ের নোটিশবোর্ডে প্রকাশ করা হবে।

(৩) লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উর্ত্তীণ প্রার্থীগণের মৌখিক পরীক্ষা একইদিনে যথাসময়ে অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সহ প্রয়োজনীয় তথ্য জালালাবাদ ক্যান্টনমেন্ট বোর্ডের ওয়েবসাইটে (www.jcbs.gov.bd) ও সংশ্লিষ্ট কার্যালয়ের নোটিশবোর্ডে প্রকাশ করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণকে যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে অবহিত করা হবে।

.....................................................
সভাপতি
অস্থায়ী নিয়োগ/বাছাই কমিটি
ও
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
জালালাবাদ সেনানিবাস, সিলেট।

সাধারণ নির্দেশনাসমূহ:

১. প্রবেশপত্র ব্যতিত কাউকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় এই প্রবেশপত্র সঙ্গে আনতে হবে। নতুন কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না। পরীক্ষা শুরু হওয়ার কমপক্ষে ৩০ মিনিট পূর্বে কেন্দ্রে উপস্থিত হতে হবে। মোবাইল ফোন, ক্যালকুলেটরসহ যেকোন ধরণের ইলেক্ট্রনিক ডিভাইস এবং কোন ধরণের বই পুস্তক সঙ্গে নিয়ে পরীক্ষা কক্ষে প্রবেশ করা যাবে না। আবেদনপত্র, হাজিরা শীট, উত্তরপত্র (খাতা) এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষরে গরমিল পরিলক্ষিত হলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

২. মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তি ও আবেদনপত্রে উল্লেখিত সকল সার্টিফিকেট ও রেকর্ডপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং উক্ত কাগজপত্রের সত্যায়িত ছায়ালিপি ০২(দুই) সেট ও ০৪(চার)কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন সত্যায়িত ছবি মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে।

৩. লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।